Category: NGO/Development

ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর (নিরাপদ দুগ্ধপণ্যের বাজার উন্নয়ন)

Eco-Social Development Organization (ESDO)

View all jobs of this company

Vacancy

01

Job Context

- জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়ণ সংস্থা ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) যা গত ১৯৮৮ হতে সামাজিক উন্নয়ন ও দক্ষতাবৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করে আসছে।দেশের ৫১টি জেলার ৩৩১ উপজেলায় ১০ মিলিয়ন অতি দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করছে।
- পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন ও উন্নয়ন সহযোগী ইফাদের অর্থায়নে Rural Microenterprise Transformation Project (RMTP) এর আওতায় ৩ বছর মেয়াদি `নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন` শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপপ্রকল্প ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) কর্তৃক ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ ও রানীশংকৈল উপজেলায় বাস্তবায়ন করা হবে। প্রকল্পটি প্রান্তিক ও ক্ষুদ্র খামারি এবং মাংস ও দুগ্ধ উপখাত সংশ্লিষ্ট ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড মার্কেটের উদ্যোক্তাদের আয় বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও পারিবারিক পুষ্টির উন্নয়নে কাজ করবে। উপ-প্রকল্পের মাধ্যমে নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের ভ্যালু চেইন উন্নয়নে বিভিন্ন পর্যায়ে ভ্যালু এডিশন, উদ্যোগ উন্নয়নে আর্থিক পরিষেবার সম্প্রসারণ ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণে কাজ করা হবে। প্রান্তিক ও ক্ষুদ্র খামারীদের দক্ষ উৎপাদন পদ্ধতি এবং শক্তিশালী বাজার সংযোগের মাধ্যমে উদ্যোগের পরিসর বৃদ্ধি ও উদ্যোগ সম্প্রসারণে কাজ করা হবে। উপ-প্রকল্প বাস্তবায়ন করা হলে ৭০ শতাংশ উদ্যোক্তার ন্যূনতম ৫০ শতাংশ আয় বৃদ্ধি পাবে এবং ৩০ শতাংশ প্রকল্পভুক্ত সদস্যরা তাদের নিয়মিত খাদ্য তালিকায় পুষ্টিমান সমৃদ্ধ খাবার যুক্ত করতে পারবেন।
- নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন` শীর্ষক উপ-প্রকল্প গ্রহণের সময় উপখাতটির উপর গবেষণা (Subsector Study) করা হয়েছে। উক্ত গবেষণায় ৬ ধরণের প্রতিবন্ধকতা প্রতীয়মান হয়েছে। প্রাণীসম্পদ খাতে অপ্রতুল প্রাণী সেবা, প্রাণীখাদ্যের সংকট, প্রচলিত খামার ব্যবস্থাপনা, নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন সম্পর্কিত জ্ঞানের অভাব, দূর্বল প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থাপনা এবং অপর্যাপ্ত আইসিটি ও আর্থিক সেবার প্রাণীসম্পদ সর্ম্পকিত উদ্যোগের অন্যতম অন্তরায়। উপ-প্রকল্পে মোট সদস্য রয়েছে ২৫ হাজার, এরমধ্যে ২৪ হাজার খামারি ও ১ হাজার জন সার্ভিস প্রভাইডার রয়েছেন। খামারি ও সার্ভিস প্রভাইডারদের ব্যবসা উন্নয়নে উল্লিখিত প্রতিবন্ধকতা দূর করতে উপ-প্রকল্পে ৬ ধরণের ইন্টারভেনশান গ্রহণ করা হয়েছে। উক্ত ইন্টারভেনশানসমূহ সঠিকভাবে ফ্যাসিলিটেট করা হলে প্রাণীসম্পদ উপখাত উন্নয়নে ভ`মিকা রাখা সম্ভব। মনিটরিং এন্ড রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার ইনপুট, প্রসেস, আউটপুট ও আউটকাম মনিটরিং কার্যক্রমে ওতপ্রোত ভাবে জড়িত থাকবে ফলে প্রকল্প মেয়াদেই ৮০ শতাংশ উদ্যোক্তার প্রাণীজ পণ্যের বিক্রয় ন্যূনতম ৩০ শতাংশ ও ব্যবসায় মুনাফা ২০ শতাংশ বৃদ্ধি পাবে।

- ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) হতে Rural Microenterprise Transformation Project (RMTP) এর আওতায় নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন` শীর্ষক উপ-প্রকল্পের ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ ও রানীশংকৈল উপজেলার জন্য উল্লেখিত পদে দরখাস্তের আহবান করা যাচ্ছে।

Job Responsibilities

- দুধ পরিবহণ, দুগ্ধজাত পণ্য উৎপাদন ও বিক্রয়, ডেইরি মেশিনারী সরবরাহ এবং দুগ্ধ পণ্যের সনদায়নে কাজ করছে এমন ব্যক্তি ও প্রতিষ্ঠানের তালিকা তৈরি করা। উক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের ভূমিকা পর্যালোচনাপূর্বক তাদের দূর্বল দিকসমূহ চিহ্নিতকরণ, বাজারের চাহিদা যাচাই ও যথাযথ সমন্বয়ের মাধ্যমে তাদের সক্ষমতা উন্নয়ন ও সংযোগ স্থাপনে কার্যকরী ভ'মিকা নেয়া।
- স্থানীয় গোয়ালা যারা খামারি হতে দুধ ক্রয় করে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বাজারে বিক্রয় করছে, তাদের কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বিদ্যমান প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বাজারে দুধের সরবরাহ বৃদ্ধি। নতুন প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বাজার খুঁজে বেড় করা, নতুন বাজারের সাথে গোয়ালাদের সংযোগ স্থাপন। প্রয়োজনে দুধ পরিবহণে লজিস্টিক সহায়তা ও লজিস্টিক ক্রয়ে উদ্‌বুদ্ধকরণ।
- স্থানীয় পর্যায়ে দুধ সংরক্ষণে একাধিক দুগ্ধ শীতলীকরণ প্ল্যান্ট উন্নয়ন, পাস্তুরাইজেশান প্ল্যান্ট উন্নয়নপূর্বক প্যাকেট জাত দুধ উৎপাদন, প্যাকেটজাত দুধের সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন, আঞ্চলিক ও জাতীয় বাজারে প্যাকেটজাত দুধের চাহিদা সৃষ্টি।
- ঘি উৎপাদন করে এমন কারখানা/মিস্টির দোকান খুঁজে বেড় করা, প্রকল্প এলাকার মোট উৎপাদন সম্পর্কে পর্যালোচনা, স্বল্প খরচে উৎপাদন ব্যবস্থা সহজীকরণে ক্রিম সেপারেটর ও ঘি তৈরির মেশিন ক্রয়ে উদ্‌বুদ্ধকরণ, উৎপাদন বৃদ্ধি, পণ্যের সনদায়ন, মোড়ক ও ব্র্যান্ড উন্নয়ন, এফ-কমার্স উন্নয়ন, সাব-কন্ট্রাক্ট উন্নয়ন ও সরবরাহ নেটওয়ার্ক সৃষ্টির মাধ্যমে বিক্রয় বৃদ্ধিতে কার্যকরী ভ'মিকা রাখা।
- নিরাপদ দই উৎপাদনে বিভিন্ন বিশ^বিদ্যালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে দয়ের কালচার সরবরাহ, প্রয়োজনে রেসিপিতে পরিবর্তন, ইনকিউবেটেরের প্রচলন, মোড়ক ও ব্র্যান্ড উন্নয়ন, প্রয়োজনীয় সনদায়ন, এফ-কমার্স উন্নয়ন, সাব-কন্ট্রাক্ট উন্নয়ন ও সরবরাহ নেটওয়ার্ক সৃষ্টির মাধ্যমে বিক্রয় বৃদ্ধিতে কার্যকরী ভ'মিকা রাখা।
- পনির উৎপাদনে নতুন উদ্যোক্তা সৃষ্টি, হাতের স্পর্শ ছাড়া পনির উৎপাদনে কারখানার আধুনিকায়ন, বৈচিত্র্যময় পনির উৎপাদন, মোড়ক ও ব্র্যান্ড উন্নয়ন, বিএসটিআই ও হ্যাসাপ সনদায়ন, এফ-কমার্স উন্নয়ন, সাব-কন্ট্রাক্ট উন্নয়ন ও সরবরাহ নেটওয়ার্ক সৃষ্টির মাধ্যমে বিক্রয় বৃদ্ধিতে কার্যকরী ভ'মিকা রাখা।
- স্থানীয়ভাবে উৎপাদিত/বিদ্যমান দুগ্ধজাত পণ্যের তালিকা তৈরি, চাহিদার প্রেক্ষিতে পণ্যসমূহের র্যাঙ্কিং, সবার্ধিক চাহিদাসম্পন্ন পণ্যের ফর্টিফিকেশান, বাজার চাহিদার প্রেক্ষিতে ইন্ড্রাস্ট্রি গ্রেডের নতুন পণ্য উৎপাদন, পণ্যের সনদায়ন, মোড়ক ও ব্র্যান্ড উন্নয়ন, এফ-কমার্স উন্নয়ন, সাব-কন্ট্রাক্ট উন্নয়ন ও সরবরাহ নেটওয়ার্ক সৃষ্টির মাধ্যমে বিক্রয় বৃদ্ধিতে কার্যকরী ভ'মিকা রাখা।
- দুগ্ধ পণ্যের বিক্রয় বৃদ্ধিতে কারখানার সাথে সমন্বয়ের মাধ্যমে সেলস প্রোমটর নিয়োগ, এফ-কমার্সে নিয়মিত বিজ্ঞাপন প্রদান, পণ্যের লিফলেট তৈরি, কারখানার আউটলেটে পুনঃসংস্করণ, নিয়মিত ক্যাম্পেইন, গ্রাহক সেবার মান উন্নয়ন, পণ্যের প্রচারে উদ্যোক্তাদের পণ্যের প্রদর্শনে মেলায় অংশগ্রহণ, বিক্রয় বৃদ্ধিতে নিয়মিত বাজার গবেষণা ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

- সংশ্লিষ্ট কোম্পানি, ডিলার ও সাবডিলারদের সাথে নিয়মিত যোগাযোগ এবং ইন্টারভেনশান বিশ্লেষণের মাধ্যমে এক্সিটের কর্মকৌশল তৈরি, সে অনুযায়ী মাঠ পর্যায়ে বাস্তবায়ন এবং এর মূল্যায়ন।
- মাসিক সভায় কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা, মাসিক প্রতিবেদন তৈরি, টিমের সাথে কার্যক্রমের হালনাগাদ তথ্য বিশ্লেষণ, মাঠ পর্যায়ের গুড প্যাকটিস চিহ্নিতকরণ, নিজ টিম ও অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য নিয়মিত লার্নিং এন্ড সেয়ারিং সেশন আয়োজন।
- মনিটরিং এন্ড রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার ও ফাইন্যান্স, এডমিন এন্ড প্রকিউমেন্ট অফিসারের সাথে নিয়মিত উপ-প্রকল্পের ইন্টারভেনশান, বাজেট ও লগফ্রেম পর্যালোচনা করা, পিছিয়ে থাকা কর্মকাÐসমূহ চিহ্নিতকরণ ও লক্ষ্য অর্জনে কর্মপরিকল্প তৈরি ও বাস্তবায়ন।
- বিভিন্ন সংস্থা/মার্কেট এক্টরদের বিদ্যমান পলিসি পর্যালোচনা, নতুন পলিসি উন্নয়নে এ্যাডভোকেসী এবং বিভিন্ন সংস্থা/প্রাইভেট সেক্টর কর্তৃক বাস্তবায়নযোগ্য নতুন প্রযুক্তি হস্তান্তর।
- উপ-প্রকল্পের সুপারভাইজার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব সুষ্ঠভাবে সম্পন্ন তৎপর থাকা।

Employment Status

Full-time

Workplace

- Work at office

Educational Requirements

- যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে ডিভিএম/এনিমেল হাসবেন্ড্রি/ফুড সায়েন্স/কৃষি বিজ্ঞানে অনার্স অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় হতে ব্যবসা প্রশাসনে স্নাতকত্তোর অথবা যেকোন বিশ্ববিদ্যালয় হতে ফুড সায়েন্সে স্নাতক।

Experience Requirements

- At least 5 year(s)

Additional Requirements

- Age 30 to 40 years
- Both males and females are allowed to apply
- ভ্যালু চেইন অথবা মার্কেট ডেভেলপমেন্ট এপ্রোচ/প্রোগ্রামে জাতীয়/আন্তর্জাতিক সংস্থায় কমপক্ষে ৫ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা ও সনদ থাকতে হবে। নিরাপদ দুগ্ধজাত পণ্য উৎপাদন, সনদায়ন ও বিপণনে অভিজ্ঞ প্রার্থিরা অগ্রাধিকার পাবেন।
- মোটর সাইকেল চালানোয় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকবে।
- কম্পিউটারে বাংলা (১০ পয়েন্ট) ও ইংরেজি টাইপে (১০ পয়েন্ট) পারদর্শী হতে হবে। এমএসওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন।
- ফিল্ড পর্যায়ে ও অতিরিক্ত চাপের মাঝেও কাজ করার মানষিকতা থাকতে হবে
- কৃষিজ ভ্যালুচেইন প্রকল্প বাস্তবায়ন অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।

Job Location

ঠাকুরগাঁও (ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ, রাণীশংকৈল)

Salary

- Tk. 37000 (Monthly)
- ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর প্রতি মাসে ৩৭,০০০/- টাকা হারে (থোক) বেতন প্রাপ্ত হবেন। এছাড়া উৎসব ভাতা হিসেবে প্রতিবছর ১৮,৫০০+১৮,৫০০=৩৭,০০০/- টাকা এবং বৈশাখি ভাতা হিসেবে মোট বেতনের ১০ শতাংশ অর্থাৎ ৩৭০০/- টাকা পাপ্য হবেন। প্রতিবছর স্টাফদের পারফরম্যান্স মূল্যায়নের উপর ভিত্তিকরে বেতন ৫ শতাংশ বাড়ানো হতে পারে।

Compensation & Other Benefits

- বাসা থেকে অফিসে যাওয়া-আসা ও দুপুরের খাবারের জন্য কোন ভাতা প্রাপ্ত হবেন না। মাঠের কার্যক্রম পরিচালনার জন্য সংস্থা হতে মোটর সাইকেল অথবা ভ্রমণ বিল দেয়া হবে।

Job Source

Bdjobs.com Online Job Posting.

Read Before Apply

ইএসডিও কোনো প্রকার শিশু ও যুব নির্যাতন সহ্য করে না। সুতরাং, যদি সংস্থায় বা ব্যক্তিগত জীবনে শিশু ও যুব নির্যাতনের ক্ষেত্রে আপনার কোনো ঘটনা ঘটে থাকে, তাহলে অনুগ্রহ করে এখানে আবেদন করা থেকে বিরত থাকুন। আপনার নির্বাচনের পরে বা চাকুরীর সময়কালের মধ্যে যদি কোনও ভুল তথ্য পাওয়া যায়, তাহলে আমরা সংস্থার নিয়ম এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী আইনি ব্যবস্থা নেওয়া হবে।
ইএসডিও কোনো প্রকার জেন্ডার নির্যাতন সহ্য করে না। সুতরাং, যদি সংস্থায় বা ব্যক্তিগত জীবনে জেন্ডার নির্যাতনের ক্ষেত্রে আপনার কোনো ঘটনা ঘটে থাকে তাহলে অনুগ্রহ করে এখানে আবেদন করা থেকে বিরত থাকুন। আপনার নির্বাচনের পরে বা চাকুরীর সময়কালের মধ্যে যদি কোনও ভুল তথ্য পাওয়া যায়, তাহলে আমরা সংস্থার নিয়ম এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী আইনি ব্যবস্থা নেওয়া হবে।
ইএসডিও কোনো ধরনের চরমপন্থা/সন্ত্রাসকে সহ্য করে না। সুতরাং, যদি সংস্থায় বা ব্যক্তিগত জীবনে চরমপন্থা/সন্ত্রাসবাদের আপনার কোনো ঘটনা ঘটে থাকে, তাহলে অনুগ্রহ করে এখানে আবেদন করা থেকে বিরত থাকুন। আপনার নির্বাচনের পরে বা চাকুরীর সময়কালের মধ্যে যদি কোনও ভুল তথ্য পাওয়া যায়, তাহলে আমরা সংস্থার নিয়ম এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী আইনি ব্যবস্থা নেওয়া হবে।
ইএসডিও কোনো দুর্নীতি সহ্য করে না। সুতরাং, যদি সংস্থায় বা ব্যক্তিগত জীবনে দুর্নীতির কোনো ঘটনা আপনার থেকে থাকে, তাহলে অনুগ্রহ করে এখানে আবেদন করা থেকে বিরত থাকুন। আপনার নির্বাচনের পরে বা চাকুরীর সময়কালের মধ্যে যদি কোনও ভুল তথ্য পাওয়া যায়, তাহলে আমরা সংস্থার নিয়ম এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী আইনি ব্যবস্থা নেওয়া হবে।

***Photograph must be enclosed with the resume.**

Apply Procedure

আবেদনকারীগনকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্র সহ সাম্প্রতিক জীবনবৃত্তান্ত,"তিন"কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, ড্রাইভিং লাইসেন্সের কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং নাগরিকত্ব

সনদের কপিসহ "সিনিয়র এপিসি (এইচআর), মানব সম্পদ বিভাগ, ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)" বরাবরে লিখিত আবেদনপত্র আগামী ১৯/০৩/২০২৩ ইং তরিখের মধ্যে নিম্ন লিখিত ঠিকানায় পৌঁছাতে হবে। দ্রুত ও স্বল্প সময়ের মধ্যে যোগাযোগের সুবিধার্থে আবেদনপত্রের মধ্যে একটি মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। ই-মেইল এর মাধ্যমে আবেদন গ্রহণযোগ্য হবেনা।

শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের সঙ্গে প্রয়োজন মাফিক যোগাযোগ করা হবে। লিখিত/নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি এসএমএস/ই-মেইল/পত্রের মাধ্যমে যথাসময়ে জানানো হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

(ইএসডিও কখনই নারী ও শিশু নির্যাতনকারীদের প্রশয় দেয় না)

Application Deadline : **19 Mar 2023**

Published On

12 Mar 2023

Company Information

Eco-Social Development Organization (ESDO)
Address : কলেজ পাড়া (গোবিন্দ নগর), ঠাকুরগাঁও-৫১০০, বাংলাদেশ
Web : www.esdo.net.bd